

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭২

ধৰ্মনগর, ২২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**ধৰ্মনগর মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের মহড়া**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ধৰ্মনগর মহকুমায় আজ ভোটগ্রহণ কর্মীদের তৃতীয় পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় ৫৬-ধৰ্মনগর ও ৫৭-যুবরাজনগর বিধানসভা ক্ষেত্রের ভোটগ্রহণ কর্মীরা অংশ নেন। মহড়ায় ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, ধৰ্মনগর মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া ও মাস্টার ট্রেনারগণ।

\*\*\*\*\*